



# বিদেশি ধানের রেকর্ড পরিমাণ উৎপাদন

•শেখ মহিউদ্দিন আহাম্মদ•

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলার কাশিমপুর বীজ উৎপাদন খামারে বেসরকারি সংস্থা গোল্ডেন বার্ণ ইঙ্ক লিঃ ও বিএডিসির যৌথ উদ্যোগে সম্পূর্ণ যান্ত্রিক পদ্ধতিতে তাইওয়ানের এম১-১ এবং এম১ জাতের ধান উৎপাদনে ব্যাপক সফলতা পেয়েছে। সংশ্লিষ্টদের দাবি উপমহাদেশ ও দক্ষিণপূর্ব এশিয়ায় এটাই রেকর্ড পরিমাণ ধান উৎপাদন। এ প্রযুক্তি সারা দেশে কৃষক পর্যায়ে সম্প্রসারণ করতে পারলে বাংলাদেশে এ জাতের ধান উৎপাদনে বৈশ্বিক পরির্তন আসবে বলে জানান গোল্ডেন বার্ণ ইঙ্ক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক শাহদাব আকবর।

মাত্র ৮০ দিনে প্রতি হেক্টরে ৯ দশমিক ৮০ টন বোরো ধান উৎপাদন করে রেকর্ড সৃষ্টি করেছে। ১৩ মে রবিবার সরেজমিনে কাশিমপুর বীজ উৎপাদন খামারে এই ধান কর্তন অনুষ্ঠানের মাঠ দিবসে উপস্থিত ছিলেন বিএডিসির চেয়ারম্যান ড. এস.এম. নাজমুল ইসলাম এবং বিশেষ অতিথি ছিলেন বিএডিসির সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মোঃ নুরুজ্জামান, গোল্ডেন বার্ণ ইঙ্ক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক শাহদাব আকবর, বিএডিসি ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গত ২০ ফেব্রুয়ারি তাইওয়ানের এম১-১ এবং এম১ জাতের ধান সর্বাধুনিক প্রক্রিয়ায় অটোমেটেড নার্সারিতে উৎপাদিত চারা রাইস ট্রান্সপ্ল্যানার এর মাধ্যমে মাঠে রোপণ করা হয়। এ চারা রোপণের ৮০ দিনে এই ধান কাটা হয়। এ বিষয়ে বিএডিসির চেয়ারম্যান ড. এস.এম. নাজমুল ইসলাম বলেন, দুইটি বিদেশি এম১-১ এবং এম১ জাতের ধান এবারেই প্রথম বিএডিসির খামারে পরীক্ষামূলকভাবে চাষ করা হয়। এ জাত স্বল্পমেয়াদি এবং উচ্চ ফলনশীল। ধান কাটা শেষে প্রতি হেক্টরে ৯ দশমিক ৮০ টন ধান পাওয়া গেছে এবং বোরো ও আমন মৌসুমে এই ধান চাষ করা যাবে। এটা খুবই আশাব্যঞ্জক। তিনি আগামী ২/৩ বছর বিভিন্ন এলাকায় এই ধান পরীক্ষামূলকভাবে চাষ করে আবহাওয়া উপযোগী প্রমাণিত হলে কৃষক পর্যায়ে সম্প্রসারণ করার উদ্যোগ নেয়া হবে জানান।

গোল্ডেন বার্ণ ইঙ্ক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক শাহদাব আকবর জানান, আধুনিক প্রক্রিয়ায় চাষাবাদ ও নতুন জাতের স্বল্পমেয়াদি এ ধান প্রান্তিক কৃষক পর্যায়ে পৌঁছে দেওয়াই তার প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। অটোমেটেড সিডিং নার্সারিতে ১৫ থেকে ২০ দিনের মধ্যে চারা উৎপাদন করে রাইস ট্রান্সপ্ল্যানারের মাধ্যমে আধুনিক পদ্ধতিতে চারা রোপণ করা হয়। এ পদ্ধতিতে শতকরা ২৫ ভাগ খরচ কম লাগে এবং সময়-অর্থ দুই-ই সাশ্রয় হয়।